

সারাদেশ

দিরাই উপজেলা জাতীয় ছাত্রশক্তির আংশিক কমিটি গঠন

প্রতিবেদক: সুনামগঞ্জ প্রতিনিধি

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ২২ সেপ্টেম্বর ২০২৬, ০৬:৩৮ PM



সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল ও বেগবান করার লক্ষ্যে জাতীয় ছাত্রশক্তি সুনামগঞ্জ জেলা শাখার অধীনে দিরাই উপজেলা শাখার আংশিক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে।

মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) জেলা শাখার এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে আগামী ছয় মাসের জন্য এ কমিটির অনুমোদন দেওয়া হয়।

অনুমোদিত আংশিক কমিটিতে ফুয়াদ হাসান মাহিকে আহ্বায়ক এবং মহসিন আহমদকে সদস্য সচিব করা হয়েছে।

কমিটির অন্যান্য দায়িত্বপ্রাপ্তরা হলেন— সিনিয়র যুগ্ম আহ্বায়ক রাহাদুল ইসলাম রাহাদ, সিনিয়র যুগ্ম সদস্য সচিব মো. বাবরুল ইসলাম, মুখ্য সংগঠক মো. আফাজ উদ্দিন এবং সংগঠক নাজিম উদ্দিন।

জেলা কমিটি সূত্রে জানা যায়, নবগঠিত আংশিক কমিটিকে আগামী এক মাসের মধ্যে একটি পূর্ণাঙ্গ ও সুশৃঙ্খল কমিটি গঠন করে তা প্রকাশের

জন্য নির্দেশনা দেওয়া হয়েছে।

জাতীয় ছাত্রশক্তি সুনামগঞ্জ জেলা শাখার আহ্বায়ক এন. ডি. উছমান গনি, সদস্য সচিব মো. রিদওয়ানুল হক নিহাল এবং মুখ্য সংগঠক বায়েজিদ আহমেদ-এর যৌথ স্বাক্ষর ও সুপারিশক্রমে কমিটিটি আনুষ্ঠানিকভাবে অনুমোদন দেওয়া হয়।

নতুন কমিটি গঠনের খবরে দিরাই উপজেলার স্থানীয় নেতাকর্মীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা দিয়েছে। নবগঠিত কমিটির মাধ্যমে দিরাই উপজেলায় সংগঠনের সাংগঠনিক কার্যক্রম আরও সম্প্রসারিত ও সুসংগঠিত হবে বলে আশা প্রকাশ করেছেন সংশ্লিষ্ট নেতৃবৃন্দ।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনশোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দেয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ভেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদের আত্মীয়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/dirai-upjela-jatiy-chhatrshktir-angshik-kmiti-gthn>